ভোরের কাগজ

তারিখ ... ... ... JAN. 3.0.2000.
পৃষ্ঠা ১২ কলাম ৬

### কাজ করতে কর্মচারীরা অনীহ

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাস গতকালও চলেনি

চ. বি. সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাস চলাচল গতকাল শনিবার থেকে শুরু হওয়ার কথা থাকলেও চালকদের অনিচ্ছার কারণে তা সম্ভব হয়নি। এ অবস্থায় উপাচার্য প্রফেসর আবদুল মান্নান গতকাল চালকদের বাস চলাচল স্বাভাবিক করার জন্য পুনরায় অনুরোধ জানিয়েছেন। তবে গতকাল সন্ধ্যা পর্যন্ত চালকরা এ অনুরোধে সাড়া দেয়নি।

তবে, বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কর্মচারী নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়ার ব্যাপারে কর্তৃপক্ষকের সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতি এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ গতকাল উপাচার্যের সঙ্গে তার কার্যালয়ে মতবিনিময়কালে এ আশ্বাস দেন।

এ ব্যাপারে সংশ্লিষ্ট সূত্র জানায়, সমিতি এবং ইউনিয়নের নেতৃবৃন্দ গতকাল সন্ধ্যায় বৈঠক করে তাদের সিদ্ধান্ত জানানোরও কথা দিয়েছিলেন উপাচার্যকে। কিন্তু কর্মচারীদের অনীহার কারণে গতকাল সে বৈঠক হয়নি বলে জানা গেছে।

কর্মচারী সমিতির সভাপতি মোহাম্মদ আইয়ুব জানান, 'উপাচার্যকে আগে অগ্রসর হতে হবে। তারপর আমরা এগিয়ে যাবো।' অবরুদ্ধ অবস্থা নিরসনের জন্য তিনি বিবদমান পক্ষগুলোর সঙ্গে আলাপ-আলোচনার ওপর গুরুত্ব দেন।

নাম প্রকাশে অনিচ্ছুক কর্মচারী ইউনিয়নের এক নেতা বলেন, 'পুলিশ নয়, প্রতিটি বাসের মধ্যে একজন করে শিক্ষক দিতে হবে, যাতে কেউ গুলি করলে আমাদের সঙ্গে শিক্ষকরাও আহত হন।'